অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/28/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জেফারসন, অরেঞ্জ এবং সাফোক কাউন্টিতে অগ্নিকাণ্ডের পর আন্তঃ-সংস্থা ফায়ার সেফটি ওয়ার্কিং গ্রুপের বৈঠক করেছেন

DHSES-OFPC, NYSERDA, DEC, DPS এবং DOS এনার্জি স্টোরেজ ফ্যাসিলিটি অগ্নিকাণ্ড এবং সেফটি স্ট্যান্ডার্ড পরীক্ষা করার জন্য

NYSERDA ও অন্যান্য স্টেট সংস্থাগুলো এনার্জি স্টোরেজ ফ্যাসিলিটিগুলোতে অবিলম্বে নিরাপত্তা পরিদর্শন শুরু করবে

গভর্নর ক্যাথি হোকল আজ এই গ্রীষ্মে জেফারসন, অরেঞ্জ এবং সাফোক কাউন্টির ফ্যাসিলিটিতে অগ্নিকাণ্ডের ঘটনার পর স্টেটজুড়ে এনার্জি স্টোরেজ ব্যবস্থার নিরাপত্তা ও সিকিউরিটি নিশ্চিত করার জন্য একটি নতুন আন্তঃ-এজেন্সি ফায়ার সেফটি ওয়ার্কিং গ্রুপ তৈরির ঘোষণা দিয়েছেন। স্টেট সংস্থাগুলো এনার্জি স্টোরেজ স্থানগুলো অবিলম্বে পরিদর্শন শুরু করবে এবং ওয়ার্কিং গ্রুপ অগ্নিকাণ্ড প্রতিরোধে সহায়তা করবে এবং অগ্নিকাণ্ডের ঘটনা ঘটলে রিসোর্সগুলো প্রস্তুত ও মোতায়েন করার জন্য জরুরি কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং তথ্য রয়েছে তা নিশ্চিত করবে।

"নিউ ইয়র্ক জুড়ে একাধিক অগ্নি নিরাপত্তা ঘটনার পর, আমি স্টেট সংস্থাগুলোকে অবিলম্বে আন্তঃ-এজেন্সি ফায়ার সেফটি ওয়ার্কিং গ্রুপ গঠনের নির্দেশ দিয়েছি যাতে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে প্রয়োজনীয় কর্মী ও রিসোর্সগুলোকে একত্রিত করা যায়," **গভর্নর হোকল বলেন**। "ওয়ার্কিং গ্রুপ সর্বোত্তম প্র্যাকটিসগুলো শনাক্ত করতে, জননিরাপত্তার সম্ভাব্য ঝুঁকি মোকাবেলা করতে এবং নিউ ইয়র্ক জুড়ে এনার্জি স্টোরেজগুলো নিরাপদ এবং কার্যকরী নিশ্চিত করতে প্রশিক্ষিত উদ্ধারকর্মীদের (ফাস্ট রেসপন্ডার) এবং স্থানীয় নেতাদের সাথে সহযোগিতা করবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অভ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস, অফিস অভ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল (Office of Fire Prevention and Control, OFPC) স্টাফ এবং ডিপার্টমেন্ট অভ এনভারনমেন্টাল কনজারভেশনের (Department of Environmental Conservation, DEC) ইমার্জেন্সি রেসপন্স ইউনিট বৃহস্পতিবার জেফারসন কাউন্টির ঘটনায় রেসপন্স করেছে এবং সতর্কতামূলক কাজ সম্পাদনের সাথে জরুরি রেসপন্স অংশীদারদের সহায়তা করেছে অগ্নিকাণ্ডের আশেপাশের এলাকায় বায়ু পর্যবেক্ষণ টেস্টের মাধ্যমে।

প্রাথমিকভাবে কী কারণে আগুন লেগেছে তা তদন্তে স্থানীয় দমকল কর্মকর্তাদের সহায়তা করার জন্য OFPC আজ জেফারসন কাউন্টিতে অতিরিক্ত কর্মী মোতায়েন করছে। ডিভিশনের অফিস অভ ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management, OEM) এবং DEC পরিস্থিতির উপর পর্যবেক্ষণ চালিয়ে যাচ্ছে এবং জেফারসন কাউন্টির গ্রাউন্ডে অতিরিক্ত সহায়তা দেওয়ার জন্য প্রস্তুত রয়েছে। এই মাসের শুরুর দিকে অরেঞ্জ কাউন্টিতে অগ্নিকাণ্ডের সময় থেকে একটি অতিরিক্ত তদন্ত চলছে।

যদিও এনার্জি স্টোরেজ ফ্যাসিলিটিতে অগ্নিকাণ্ডের ঘটনা খুবই বিরল, গভর্নর হোকল ডিপার্টমেন্ট অভ পাবলিক সার্ভিস (Department of Public Service, DPS) এবং ডিপার্টমেন্ট অভ স্টেট (Department of State, DOS) স্বাধীনভাবে এনার্জি স্টোরেজ ফ্যাসিলিটি ফায়ার এবং সেফটি স্ট্যান্ডার্ড টেস্ট করার জন্য ওয়ার্কিং গ্রুপকে নেতৃত্ব দিতে ডিভিশন অভ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES) অফিস অভ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল, নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA), নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ এনভায়রনমেন্টাল কনজারভেশনকে নির্দেশ দিয়েছেন। গ্রুপটি জাতীয়ভাবে স্বনামধন্য বিশেষজ্ঞ এবং জাতীয় গবেষণাগারগুলোকে এনার্জি স্টোরেজের মূল কারণ এবং জরুরি রেসপন্স বিশ্লেষণে স্বাধীনভাবে সাধারণ কারণগুলো, বায়ু পর্যবেক্ষণের ফলাফল বা অন্যান্য কমিউনিটির প্রভাবগুলো এবং এনার্জি স্টোরেজের অগ্নিকাণ্ডের সাথে জড়িত অন্যান্য কারণগুলোর মূল্যায়ন এবং শনাক্ত করতে সহায়তা করবে।

ওয়ার্কিং গ্রুপ নিউ ইয়র্কে সাম্প্রতিক জ্বালানি স্টোরেজ অগ্নিকাণ্ডের পুঙ্খানুপুঙ্খভাবে তদন্ত করবে এবং নিউ ইয়র্ক জুড়ে থার্মাল রানওয়ে ঘটনার সম্মুখীন হওয়া এনার্জি স্টোরেজ প্রকল্পগুলোর জরুরি রেসপন্স বিশ্লেষণ সহ একটি ব্যাপক অগ্নি নিরাপত্তা পর্যালোচনা পরিচালনা করবে। ফলাফলগুলো স্টেশনারি এনার্জি স্টোরেজ সরঞ্জাম এবং ইনস্টলেশনের জন্য সুপারিশগুলোর একটি তালিকা অন্তর্ভুক্ত করবে। ওয়ার্কিং গ্রুপ এনার্জি স্টোরেজ সিস্টেম অপারেশন এবং অপারেটরদের পর্যালোচনা করবে: ডিজাইন প্যারামিটারের মধ্যে অপারেশন যাচাই করার জন্য তাদের ব্যাটারির অবস্থা পরীক্ষা করবে; চিহ্নিত যেকোনো ঘাটতি প্রতিকার; সাইটে আগুন দমনের কার্যক্রম যাচাই করা; এবং অন্যান্য সেরা অনুশীলনের মধ্যে স্থানীয় ফায়ার ডিপার্টমেন্টের সাথে অগ্নি দমন পরিকল্পনা নিশ্চিত করা।

নিউ ইয়র্ক সিটি ফায়ার ডিপার্টমেন্ট, ন্যাশনাল ফায়ার প্রোটেকশন অ্যাসোসিয়েশন, ইন্টারন্যাশনাল কোড কাউন্সিল, নিউ ইয়র্ক স্টেট ফায়ার প্রিভেনশন অ্যান্ড বিল্ডিং কোড কাউন্সিল এবং আন্ডাররাইটার্স ল্যাবরেটরিজগুলোর সাথেও ফলাফল এবং ফলাফলের সুপারিশগুলো শেয়ার করা হবে, যা নিউ ইয়র্ককে একটি জাতীয় ও আন্তর্জাতিক নেতা হিসাবে প্রতিষ্ঠা করবে অগ্নি নিরাপত্তা এবং স্টেশনারি এনার্জি স্টোরেজ সিস্টেমে।

জলবায়ু পরিবর্তনে প্রভাব ফেলে এমন নির্গমন কমাতে এবং জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের অধীনে স্টেটকে তার উচ্চাভিলাষী জলবায়ু লক্ষ্য অর্জনে সহায়তা করার জন্য স্টেটের প্রচেষ্টায় এনার্জি ফ্যাসিলিটিসগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন, "DEC নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার জন্য এবং এই গুরুত্বপূর্ণ শিল্পের প্রবৃদ্ধি নিশ্চিত করার জন্য গভর্নর হোকলকে সাধুবাদ জানায় যা আমাদের কমিউনিটি এবং পরিবেশের সুরক্ষা সিসাবে অগ্রসর হচ্ছে৷ DEC আমাদের অংশীদারদের সাথে বর্তমান প্র্যাকটিসগুলো বিশ্লেষণ করতে এবং নিরাপদ এবং দায়িত্বশীল ক্লিন এনার্জি ভবিষ্যতের জন্য গোল্ড স্ট্যান্ডার্ড নির্ধারণের জন্য এনার্জি স্টোরেজ ফ্যাসিলিটি কার্যক্রমগুলোকে উন্নত করার উপায়গুলো সন্ধান করতে প্রস্তুত রয়েছে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "আমাদের কমিউনিটির নিরাপত্তা সর্বাগ্রে এবং স্টেট কর্মকর্তারা অবিলম্বে নিউ ইয়র্ক জুড়ে এনার্জি স্টোরেজের কৌশলগত এবং নিরাপদ স্থাপনার উপর ফোকাস করার জন্য একটি আন্তঃ-এজেন্সি ওয়ার্কিং গ্রুপ গঠনের মাধ্যমে এই উদ্বেগগুলো মোকাবেলা করার জন্য এনার্জি স্টোরেজে ফ্যাসিলিটিস অন-সাইট পরিদর্শনের মাধ্যমে একটি বহুমুখী উদ্যোগ শুরু করছে। NYSERDA অন্যান্য স্টেট সংস্থা, স্থানীয় কর্মকর্তা, হোস্ট কমিউনিটি এবং প্রশিক্ষিত উদ্ধারকর্মীদের পাশাপাশি ন্যাশনাল ল্যাবরেটরিজ এবং অংশীদারদের সাথে আমাদের সহযোগিতা প্রসারিত করার জন্য উন্মুখ, যাতে সুপারিশগুলো সনাক্ত করতে পারে যা স্টেট এবং শিল্পকে সর্বোত্তম প্র্যাকটিস মানসম্মত করতে সহায়তা করতে পারে।"

ডিপার্টমেন্ট অভ পাবলিক সার্ভিসের প্রধান নির্বাহী কর্মকর্তা ররি এম. ক্রিশ্চিয়ান বলেন, "ডিপার্টমেন্ট প্রথমত নিরাপত্তা নিশ্চিত করার জন্য কাজ করবে কারণ আমরা দেখতে পাচ্ছি যে আরো বেশি সংখ্যক ব্যাটারি পরিষেবাতে যাচ্ছে৷ আমরা মূল কারণ বিশ্লেষণ করার প্রচেষ্টায় যোগ দেবো এবং ভবিষ্যতে এই ধরনের ঘটনার সংঘটন এবং প্রভাব প্রশমিত করার জন্য কী পরিবর্তন করতে হবে সে বিষয়ে সুপারিশ সহ ফলো-আপ করব।"

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা আমাদের প্রথম কাজ এবং বায়ু পর্যবেক্ষণের মাধ্যমে আমাদের টিম দ্রুত জেফারসন কাউন্টিতে অগ্নিকাণ্ডের প্রতি রেসপন্স করেছিল যাতে আশেপাশের বাসিন্দারা তাৎক্ষণিক বিপদে না পড়েন তা নিশ্চিত করার জন্য৷ আমরা এই অগ্নিকাণ্ড মোকাবেলা করতে এবং তদন্তে সহায়তা করার জন্য গ্রাউন্ডে রয়েছি। এই সাইটগুলো আমাদের জলবায়ু ভবিষ্যত সুরক্ষিত করার জন্য অপরিহার্য এবং গভর্নর হোকল এগুলো যাতে নিরাপদে পরিচালিত হয় তা নিশ্চিত করার জন্য পদক্ষেপ নিচ্ছেন৷ আমরা আমাদের এজেন্সি অংশীদারদের সাথে স্টেট জুড়ে ভবিষ্যতের এনার্জি-সম্পর্কিত অগ্নিকাণ্ড প্রশমিত করার জন্য দীর্ঘমেয়াদী সমাধান নিয়ে কাজ করছি।"

নিউ ইয়র্ক স্টেট ফায়ার অ্যাডমিনিস্ট্রেটর জেমস ক্যাবল বলেন, "অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণের স্টেট অফিস জেফারসন কাউন্টিতে আমাদের স্থানীয় প্রতিপক্ষের সাথে কাজ চালিয়ে যাচ্ছে যাতে বাসিন্দারা নিরাপদ থাকে। আমরা সাম্প্রতিক অগ্নিকাণ্ডের তদন্তে সহায়তা করার জন্য কাজ করার সময়, আমরা এই ঘটনাগুলোকে নিউ ইয়র্কবাসীদের ক্ষতি না করার জন্য স্টেট জুড়ে অন্যান্য সংস্থার সাথে অংশীদারিত্ব করছি।"

নিউ ইয়র্ক স্টেট সেক্রেটারি অভ স্টেট রবার্ট জে. রড্রিগেজ বলেন, "আমাদের কমিউনিটির নিরাপত্তা স্টেটের জন্য একটি অগ্রাধিকার এবং আমরা গভর্নমেন্টে আমাদের অংশীদারদের সাথে কাজ করছি যাতে স্টেট জুড়ে এনার্জি স্টোরেজ ফ্যাসিলিটিগুলো নিরাপদে বজায় থাকে। গভর্নর হোকলের আন্তঃ-এজেন্সি ওয়ার্কিং গ্রুপকে সহায়তা ও সমর্থন করতে স্টেট ডিপার্টমেন্ট প্রস্তুত রয়েছে যা নিউ ইয়র্কে এনার্জি স্টোরেজ পরিদর্শন করবে এবং নিশ্চিত করবে যে আমাদের কমিউনিটিগুলো নিরাপদ এবং সেবা পাচ্ছে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন